

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
Bangladesh Land Port Authority  
এফ-১৯/এ, শেরেবাংলা নগর, আগারকাঁও, ঢাকা-১২০৭  
[www.blpa.gov.bd](http://www.blpa.gov.bd)

স্মারক নং: ১৮.১৫.০০০০.০২৪.০০.০১.২৪-২০২

তারিখ: ০৯-০৯-২০২৪ খ্রিঃ


বিজ্ঞপ্তি

ঢাকা, সোমবার, ৯ সেপ্টেম্বর:

গত ২৩ আগস্ট ২০২৪ তারিখে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বেনাপোল স্থলবন্দর সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে স্থানীয় একজন সাংবাদিক কর্তৃক বন্দরের নির্মাণ কাজে রড ব্যবহার না করার অভিযোগ এনে একটি ছবি প্রদান করলে তা বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে। প্রকৃতপক্ষে বন্দরের নির্মাণ কাজে রড ব্যবহার না করার অভিযোগটি ভিত্তিহীন।

রড না দেওয়ার ছবি পর্যালোচনায় দেখা যায় যে, এ ছবিতে প্রদর্শিত নির্মাণ সামগ্রী (স্টীল সাটার ও কোদাল) বেনাপোল স্থলবন্দরে নির্মাণ কাজে ব্যবহার করা হচ্ছে না। তথাপিও কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সঙ্গে আমলে নেয়। এরই পরিপ্রেক্ষিতে নির্মিত কাজে রড ব্যবহারের বিষয়টি যাচাই করার জন্য Profometer PM8000 মেশিন দ্বারা ফেরো স্ক্যান (Ferro Scan) পরীক্ষা করা হয়। উক্ত পরীক্ষায় কারিগরি স্পেশিফিকেশন অনুযায়ী রড ব্যবহারের বিষয়টি প্রমাণিত হয়। উল্লেখ্য, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ সকল উন্নয়ন কাজের গুণগত মান বজায় রাখতে বদ্ধপরিকর।

জনগণের নিকট সঠিক বার্তা প্রচার ও এ ধরনের অসত্য তথ্যে বিভ্রান্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

  
০৯.০৯.২০২৪

মোঃ রায়হান কবির  
জনসংযোগ কর্মকর্তা  
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
ফোন: ০১৭৫০৮২৩৬৭৬

.....  
.....  
অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা (প্রেস রিলিজটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)